দৈনিক ইত্তেফাক ২

তারিখ 11 JAN 1990
পৃষ্ঠা 2 কলাম 6

৩৭

## প্রসঙ্গ ঃ কম্পার্টমেণ্টাল পরীক্ষা

১৯৮৯ সালের এইচ এস সি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য ছাত্রদের কম্পার্টমেন্টাল পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া হইয়াছে। কম্পার্টমেন্টাল প্রাপ্ত ছাত্ররা সংশ্লিষ্ট বিষয়ে পাস করার শর্ত সাপেক্ষে এই বছরই পরবর্তী শ্রেণীতে ভর্তি হইতে পারিবে। কিন্তু অত্যন্ত দুঃখের সাথে লক্ষ্য করা যাইতেছে যে, বিশ্ববিদ্যালয় ও কলেজে কম্পার্টমেন্টাল ঘোষিত ছাত্র-ছাত্রীদেরকে ফরম দেওয়া হইতেছে না। এদিকে ১৮ই জানুয়ারী কম্পার্টমেন্টাল পরীক্ষা। পরীক্ষার রেজাল্ট দেওয়ার আগেই দেশের সব কলেজ-বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরম দেওয়া শেষ হইয়া যাইবে। অপরদিকে জানা গিয়াছে যে, কম্পার্টমেন্টাল প্রাপ্তদেরকে শুধু পাসের সার্টিফিকেট দেওয়া হইবে। অর্থাৎ তাদেরকে কোন ডিভিশন দেওয়া হইবে না। ফলে তারা স্বভাবতঃই অনার্স পড়ার অযোগ্য বিবেচিত হইবে। আমরা কম্পার্টমেন্টাল ঘোষিত ছাত্র-ছাত্রীদের নম্বর অনুযায়ী ডিভিশন দেওয়ার জন্য এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজসমূহে ভর্তি ফরম পাওয়ার ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে বিনীত আবেদন জানাইতেছি।

—পারভীন শাহনাজ, পশ্চিম বাকলিয়া, ডিসি রোড, চট্টগ্রাম।